

## লা-তাহ্যান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহ্যান - অনুচ্ছেদ সূচি রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

৩৩৫. দুশ্চিন্তা করে কোন লাভ নেই

নিম্নোক্ত গল্পটির বিষয়বস্তু বা লক্ষ্ম হলো একথা বুঝানো যে অতিরিক্ত দুশ্চিন্তা করা উচিত নয়; বরং তার পরিবর্তে সামান্যতম অনুশোচনা ছাড়াই আল্লাহর বিধানের (তাকদীরের) কাছে নিজের ইচ্ছাকে সঁপে দেয়া উচিত। আমি যখন স্কুলে বা মাদ্রাসায় ছিলাম তখন সহপাঠীদের মাঝে প্রথম (ফাস্ট) হওয়ার জন্য অধ্যবসায়ের সাথে পড়া-শুনা করতাম। আমি আমার পরীক্ষার কাগজ জমা দেয়ার পর দুশ্চিন্তা, ভয় ও উদ্বিগ্নতায় থাকতাম। আমি বাড়ি গিয়ে বই থেকে উত্তরগুলো যাচাই করে নিজেকে (ফাস্ট সেকেণ্ড ইত্যাদি) একটা মান দিতাম; আর বরাবর এমনটাই করতাম। অতীতের বিষয়ে বলছি, এখন এটা স্পষ্ট যে, আমার স্নায়ুবিকতা বা দুশ্চিন্তা আমার গ্রেড (মান) শতকরা একভাগও বাড়ায়নি।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7842

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন